

স্বপ্ন
২৫

যায়যায়দিন

11 JUN 2007

পৃষ্ঠা ২ কলাম ২

বাংলা একাডেমীর ডিকশনারি ভুলের সঙ্গে এক যুগ

জিয়াউদ্দিন সাইয়ুম



বাংলা একাডেমীর ইতি-
হাসে সবচেয়ে ব্যবসা
সফল প্রকাশনা হিসেবে
English-Bengali
Dictionary-কে ধরা হয়।
একাডেমী কর্তৃপক্ষের দাবি,
বইটির আবেদন প্রতিবেশী
দেশ ইন্ডিয়ায় পশ্চিম বঙ্গের রয়েছে। কিন্তু
এক যুগেরও বেশি সময় ধরে নানান
ব্যর্থতায় কারণে অভিধানটির একটি
নির্ভুল সংস্করণ একাডেমী কর্তৃপক্ষ প্রকাশ
হয়তে পারেনি।

একাডেমীর নতুন মহাপরিচালক ড. সৈয়দ
মোহাম্মদ শাহেদ বলেছেন, যেহেতু নতুন
দায়িত্ব নিয়েছি, তাই এটা বলতে পারবো না
এতোদিন এটার সংস্করণ কেন হয়নি।
হয়তো অভিধানটির কাটিং বেশি থাকার
কারণে সংস্করণের দিকে আগের কর্তৃপক্ষ
তেমন মনোযোগ দিতে পারেনি। আমি
জাতিকে একটি নির্ভুল সংস্করণ উপহার
দিতে চাই।
জানা গেছে, অভিধানটির সম্পাদক ড.
জিল্লুর রহমান সিদ্দিকীকে বাদ দিয়ে
পছন্দের লোক দিয়ে
অভিধানটি সংস্করণের

বাংলা একাডেমীর ডিকশনারি

(প্রথম পৃষ্ঠার পর)
জন্য একটি কমিটি গঠন করা হয়েছিল
এবং এ কমিটি অভিধানটির ভুলত্রুটির
একটি তালিকাও একাডেমী কর্তৃপক্ষের
কাছে জমা দিয়েছে। অন্যদিকে
অভিধানটির সম্পাদক জিল্লুর রহমান
সিদ্দিকীও অভিধানটির দৃষ্টিকটু
ভুলগুলোর একটি তালিকা তৈরি করে
রেখেছেন বলে স্বীকার করেছেন। কিন্তু
অভিধানটির সম্পাদককে বাদ দিয়ে এটার
সংস্করণ করতে গেলে ইন্টেলেকচুয়াল
রাইটস প্রপার্টি আইন নিয়ে ঝামেলা হতে
পারে, এমন আশঙ্কা ব্যক্ত করেছিলেন
একজন সাবেক মহাপরিচালক। আর এ
টানাহেচড়ার কারণে বেশ কিছু
অনাকাঙ্ক্ষিত ভুল নিয়েই একাডেমী
কর্তৃপক্ষ ৩০ বার রিপ্রিন্ট করলেও
অভিধানটির শুদ্ধ সংস্করণ জাতিকে
উপহার দিতে পারছে না। প্রফেসর
জিল্লুর রহমান সিদ্দিকী নিজেও স্বীকার
করেছেন, অভিধানটির বেশ কিছু ভুল
তার চোখে পড়েছে।
পাঠের পর দেখা গেছে, ব্যবসা-সফল এ
অভিধানটি জন্ম থেকেই কম বেশি ৩৪
প্রকার 'ভুল-ব্যমো'তে ভুগছে।
উদাহরণস্বরূপ বলা যেতে পারে
অভিধানটির কম বেশি ১২ শতাধিক ভুক্তি
ও উপভুক্তি পদগত সমস্যায় আক্রান্ত।
এসব ভুক্তি-উপভুক্তির পদ-পরিচিতি
দেয়া হয়নি। তাই একজন তরুণ শিক্ষার্থী
বুঝতেই পারবে না *arboriculture*,
bothersome, *caller*, *devaluation*,
editor, *friskily*, *glazier*, *hockey*,
stick, *irrigation*, *jabberer*,
kidnapper, *literary*, *maniac*,
neutrality, *officialdom*, *piggery*,
quadrangular, *ragday*, *spanking*,
thankless, *unassuming*, *viable*,
weaver, *youngling*, *zinc* ইত্যাকার
শব্দ বিশেষা, বিশেষণ, সর্বনাম নাকি
ক্রিয়া-বিশেষণ। সৌভাগ্যের ব্যাপার
হচ্ছে 'x' সূচি এ জাতীয় ভুলের আগ্রাসন
থেকে পরিভ্রাণ পেয়েছে। তবে *a* সূচিতে
৮টি, *b* সূচিতে ৬৫টি, *c* সূচিতে ১৩৭টি,
d সূচিতে ১২৭টি, *e* সূচিতে ৪৪টি, *f*
সূচিতে ৬০টি, *g* সূচিতে ১৮টি, *h* সূচিতে
১৭টি, *i* সূচিতে ১৩টি, *j* সূচিতে ১৭টি, *k*
সূচিতে ৩২টি, *l* সূচিতে ৮১টি, *m* সূচিতে
৪০টি, *n* সূচিতে ১৩টি, *o* সূচিতে ১২টি,
p সূচিতে ১১১টি, *q* সূচিতে ৫টি, *r*

সূচিতে ৫৩টি, *s* সূচিতে ১৬৫টি, *t*
সূচিতে ৭০টি, *u* সূচিতে ৫টি এবং *v*
সূচিতে ১০টি, *w* সূচিতে ৭০টি, *y* সূচিতে
৮টি এবং *z* সূচিতে ১টি শব্দের পদ-
পরিচিতি দেয়া হয়নি। বিশেষজ্ঞরা
বলেছেন, এসব শব্দের পদ-পরিচিতি যুক্ত
হলে অভিধানটি আরও সার্থক হবে।
অন্যদিকে *adverb*-কে *adjective*,
adjective-কে *adverb*, *noun*-কে
verb, *noun*-কে *adjective*, *adverb*-
কে *noun* হিসাবে উপস্থাপন করায়
বিভ্রান্তি আরো বেড়েছে। অভিধানে দুটো
noun-কে (যেমন *incognizent*, *self-*
service, উল্লেখ্য *self-service*
*adjective*ও বটে। তবে অভিধানে
বর্ণিত অর্থ *noun*-কেই নির্দেশ করছে)
adjective হিসাবে, একটি *adjective*-
কে (যেমন *inattentive*), *adverb*
হিসাবে, দুটো *adjective*-কে (যেমন
consular, *vertiginous*) *noun*
হিসেবে, চারটি *adverb*-কে (যেমন
forbiddingly, *miraculously*,
nakedly, *vehemently*) *noun* হিসাবে
ও ৩৫টি *adverb*-কে (যেমন
banteringly, *conscientiously*,
contrariwise, *dauntlessly*,
flashily, *grudgingly*, *hurriedly*,
hypercritically, *icily*,
inland(উপভুক্তি), *knowingly*,
lexically, *limpidly*,
magnanimously, *magnetically*,
magnificently, *marginally*,
mechanically, *melodiously*,
mindfully, *momentarily*,
mournfully, *professedly*,
proportionally, *realistically*,
savagely, *symbolically*,
systematically, *unfaithfully*,
universally, *unmistakably*,
unquestionably, *unreservedly*,
vacuously, *vaingloriously*-কে
adjective হিসাবে চিহ্নিত করা হয়েছে।
অন্যদিকে *past tense* (যেমন *wore*)
past participle হিসাবে এবং *plural*
(যেমন *pliers*, *scissors*, *sheep*, *togs*,
wadi) *past participle* ও *past tense*
হিসাবে যেমন চিহ্নিত হয়েছে, তেমন
past tense/past participle (যেমন
methought, *ran*, *rang*, *rose*, *use*)
plural হিসাবে মূদ্রিত হয়েছে।

শুধু অব্যয় পদটি একা ব্যবহৃত হলেই ভাব
পরিষ্কার হয়ে যায়। অথবা শুধুর ঘাড়ে
মাত্র-কে না চাপানোই সঠিক। একই
নিয়মে *কেবলই* যথেষ্ট, *কেবলমাত্র*
বাছল্য। অথচ অভিধানটিতে শুধুর
পাশাপাশি ৪৩ জায়গায় (যেমন *annual*,
arbitrary ইত্যাদি) শুধুমাত্র ও ৬১
জায়গায় (দেখুন : *ache*, *moot* ইত্যাদি)
কেবলমাত্র ব্যবহৃত হয়েছে। তেমনভাবে
অভিধানটিতে সঙ্গের পাশাপাশি ১৬৮
জায়গায় *সাথে* (দেখুন : *bloc*,
blunder-buss ইত্যাদি) লেখা হয়েছে।
বাংলা একাডেমী প্রণীত বাংলা অভিধানে
নিচ আর *নীচ* এর ব্যবহারগত পার্থক্য
ভুলে ধরে বলা হয়েছে, *নিচ* হচ্ছে নিম্ন বা
নিচু আর *নীচ* বলতে ছোট লোক
(*mean-minded*) বোঝাবে। কিন্তু
আলোচ্য অভিধানের ২৬১টি ভুক্তি-
উপভুক্তিতে অবলীলায় *নীচে* ও *নীচের*
(দেখুন : *alderman*, *angular*)
ব্যবহৃত হয়েছে।
চলতি ভাষায় রচিত এ অভিধানে সাধু-
চলতির মাঝেও ফারাক রাখা হয়নি। তাই
২৩টি 'বছর' নোটিশ ছাড়াই বৎসর
(দেখুন : *Anno Domini*) হয়ে গেছে।
লক্ষ লাখ হওয়াই ঠিক। কিন্তু লাখ
চলতিচ্যুত হয়ে লক্ষ হয়ে গেছে (দেখুন
megacycle, *megaton*, *micro*,
million, *multi*, *quadrillion*)।
আবার শীঘ্র (*hurry*) ও শিগগির
ব্যবধানও ঘুচে গেছে। সবচেয়ে না লিখে
সবচাইতে (*essence*, *look*) এবং সঙ্গে
না লিখে সহিত (*phlegm*) লিখা
হয়েছে। আবার ৬২টি জায়গায় দুইটি
(দেখুন : *anapaest*) ও দুইজন (দেখুন :
billiards) ছাপা হয়েছে।
বহুবচনজনিত দ্বিভূত অভিধানটির
পিছু ছাড়েনি। অন্যান্য শ্রমিকরা (*black-*
leg), অন্যান্য মারিমাঝাদের (*boat-*
swain), অন্যান্য জিনিসপত্র (*borax*),
অন্যান্য দ্রব্যসত্তার (*commissariat*),
অন্যান্যদের (*line*), বিবিধ গণাবলী
(*phrenology*), অনেকগুলি (*picce*,
pile), অন্যান্য সকলে (*rest*), অন্যান্য
গণাবলীর (*severe*), অন্যান্যদের,
অন্যান্য সদস্যদের (*step*), চলাকালীন
সময়ে (*strike*), ইত্যাদিদের (*well*)
মুদ্রিত হয়েছে।
সিল্ভর-wedding বিবাহের রজতজয়ন্তী
বা ২৫তম বিবাহবার্ষিকী বোঝালেও

বিয়ের গন্ধ মুছে ব্রেক পঁচিশতম বার্ষিকী
লিখেই অভিধানটি দায়িত্ব শেষ করে
। ইংরেজি বানান ভুল লেখার দিক থেকেও
অভিধানটি পিছিয়ে নেই। *beat*
ভুক্তিতে *beat bown* (down হবে),
better ভুক্তিতে *get the ~ off* (of
হবে), *boulder* ভুক্তি শুধুমাত্র ও ৬১
buy ভুক্তিতে *by sb over* (buy হবে),
coco ভুক্তিতে *~ nut matting*
(matting হবে), *counsel* ভুক্তিতে
Kings Queen's C~ (Queen's হবে),
cup ভুক্তিতে *cup-full* (cupful
হবে), *erratic* ভুক্তিতে *erratically*
(erratically হবে), *file* ভুক্তিতে
fillings (filings হবে), *flotsam*
ভুক্তিতে *jotsam* (jetsam হবে), *flying*
ভুক্তিতে *~ clours* (colours হবে),
hasty ভুক্তিতে *regretted afterwords*
(afterwards অথবা *regretted after-*
words হবে), *nippy* ভুক্তিতে *lock ~*
(look হবে), *pearl* ভুক্তিতে *pearl-*
while (white হবে), *play* ভুক্তিতে *~*
Hamelet (Hamlet হবে), *plunk*
ভুক্তিতে *plank* (plonk হবে), *red*
ভুক্তিতে *robin readbreast*
(redbreast হবে), *run* ভুক্তিতে *The*
Democratic Party.. (Party হবে),
scoff ও *scoff* ভুক্তি দুটো *scoff* ও
scoff হবে, *sector* ভুক্তিতে *public*
~ (public হবে), *set* ভুক্তিতে ১৪
নাম্বরে (পোশাক সম্বন্ধে) গায়ে লাগা (এই
অর্থে *sit* অধিকতর প্রচলিত (suit হবে),
একই ভুক্তির *set in* বাক্যাংশে (৭০৮
পৃষ্ঠা) *As the rainy season set in*,
the invaders began to panick
(panic হবে), *shock* ভুক্তিতে ৩
নাম্বরে *'shall (3)'* হবে *shell*, *show*
ভুক্তিতে *He is running the whole ~*
(running হবে), *sight* ভুক্তিতে *kee*
out of sbs ~ (keep হবে), *stagnant*
ভুক্তিতে *She is a fen of waters* (fan
হবে), *tonic* ভুক্তিতে *~ solifa* (solfa
হবে), *too* ভুক্তিতে ৪ নাম্বরের *dr.*
for (2) (far হবে), *top* ভুক্তিতে
shout at the top of noe's voice
(one's হবে) *track* ভুক্তির *go*
off/keep to the beateu ~ *tr. beateu*
(beaten হবে), *whitening* ভুক্তিতে
whitning (whiting হবে) লিখা
হয়েছে। (চলবে)